## মুহাম্মাদ (সা) এর জন্ম ও বংশ পরিক্রমা (পর্ব-১)

প্রশ্ন: মুহাম্মাদ (সা) কখন জন্মগ্রহণ করেন ?

উত্তর: তিনি ৫৭১ খ্রিষ্টাব্দে ২২শে এপ্রিল মোতাবেক ৯ই রবিউল আউয়াল রোজ সোমবার জন্মগ্রহণ করেন।

প্রশ্ন: তিনি কোথায় জন্মগ্রহণ করেন ?

উত্তর : তিনি আরবের মক্কা নগরীতে জন্মগ্রহণ করেন।

প্রশ্ন: রাসূল (সা) এর পিতার নাম কি ?

উত্তর: আবতুল্লাহ বিন মুত্তালিব

প্রশ্ন: রাসূল (সা) এর মাতার নাম কি ?

উত্তর: আমিনা বিনতে ওহাব বিন আবদে মানাফ বিন যাহরাহ

প্রশ্ন: কোথায় ও কখন রাসূল (সা) এর পিতা ইন্তিকাল করেন ?

উত্তর: মুহাম্মদ (সা) এর জন্মের পূর্বে তিনি ইয়াসরিবে ইন্ডিকাল করেন।

প্রশ্ন: রাসূল (সা) এর দাদার নাম কি?

উত্তর: আবতুল মুত্তালিব।

প্রশ্ন: রাসূল (সা) এর পিতৃ-পুরুষের পরিক্রমা কি ?

উত্তর: মুহাম্মদ বিন আব্দুল্লাহ বিন আব্দুল মুত্তালিব বিন হাশিম বিন আবদে মানাফ বিন কুসাই বিন কিলাব

প্রশ্ন: রাসূলুল্লাহ (সা) কে কারা তুধ পান করিয়েছেন ?

উত্তর: প্রথমে তার মা আমেনা তারপর সুওয়াইবা যিনি ছিলেন তার চাচা আবূ লাহাবের মুক্ত ক্রীতদাসী। এরপর হালিমা বিনতে যুআইব, যিনি হালিমা আস–সাদিয়া নামে সর্বাধিক পরিচিত।

প্রশ্ন: হালিমা রাসূল (সা) কে কতদিন পর্যন্ত তুধ পান করিয়েছেন ?

উত্তর: তুই বছর পর্যন্ত।

প্রশ্ন: রাসূল (সা) এর পালক পিতার নাম কি ?

উত্তর: হারিছ বিন আবতুল উযযা বিন রাফাহ

প্রশ্ন: রাসূল (সা) এর নাম 'মুহাম্মদ' কে রেখেছিলেন ?

উত্তর: তাঁর দাদা আবতুল মুত্তালিব। এনামটি তিন পছন্দ করেন আল্লাহর কাছে শুকরিয়া জানতে।

প্রশ্ন: মুহাম্মদ (সা) এর মাতা তাঁর কি নাম রেখেছিলেন ?

উত্তর: আহমাদ

প্রশ্ন: তিনি কেন এই নাম পছন্দ করলেন ?

উত্তর: তিনি স্বপ্নে দেখলেন একজন ফেরেশতা নবাগত শিশুকে আহমাদ বলে ডাকছেন। তাই তিনি এর নাম রাখলেন আহমাদ।

প্রশ্ন: রাস্লুল্লাহ (সা) এর মা কতবছর বয়সে মৃত্যুবরণ করেন?

উত্তর: তখন তাঁর বয়স ছিল মাত্র ছয় বছর।

প্রশ্ন: রাস্লুল্লাহ (সা)-এর মা কোথায় মৃত্যুবরণ করেন ?

উত্তর: তিনি আত্মীয়ের বাড়ি থেকে ফেরার পথে 'আবওয়া' নামক স্থানে ইন্তিকাল করেন এবং সেখানেই তাঁকে দাফন করা হয় ।

প্রশ্ন: পরবর্তীতে মুহাম্মদ (সা)কে মক্কায় ফিরিয়ে আনেন কে খ?

উত্তর: তাঁর বাবার ক্রীতদাসী উম্মে আইমান (রা)

প্রশ্ন: এরপর নাবী (সা) এর দায়িত্বভার কে গ্রহণ করলেন ?

উত্তর: তাঁর দাদা আবতুল মুত্তালিব।

প্রশ্ন: কতদিন তিনি তাঁকে দেখাশুনা করলেন ?

উত্তর: তুই বছর যাবত।

প্রশ্ন: মুহাম্মদ (সা) এর দাদা আবতুল মুন্তালিব যখন ইন্তিকাল করেন, তখন নাবী (সা) এর বয়স কত ছিল ?

উত্তর: তাঁর বয়স তখন প্রায় আট বছর ছিল।